

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
আর্মড পুলিশ ব্যাটালিয়ন হেডকোয়ার্টার্স
উত্তরা, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং এপিবিএন/হেডকোয়ার্টার্স/প্রশাসন/নিয়োগ-২০১৭/ ৫৪৬৬

তারিখ-১৬/১২/২০১৭ খ্রিঃ।


যাচ্ছে :-

ডিআইজি এপিবিএন কার্যালয়, উত্তরা, ঢাকা'র নিম্নবর্ণিত শূন্যপদ সমূহ পূরণের নিমিত্তে স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা

ক্রঃ/নং	পদের নাম ও শূন্য পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল বিভাগ/জেলার অধিবাসীগণ আবেদন করতে পারবেন।
১.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০/- পদের সংখ্যা-০১ (এক) টি	(১) সাধারণ কোটার প্রার্থীদের বয়স ১৮ হতে ৩০ বৎসর (২) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার, পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৮ হতে ৩২ বৎসর। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩০ বছর।	(১) এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (২) সাঁটলিপি লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজীতে-৭০ ও বাংলায়-৪৫ শব্দ হতে হবে। (৩) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ শব্দ ও বাংলা ২৫ শব্দ হতে হবে।	সকল জেলা
২.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬, বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- পদের সংখ্যা-০২ (দুই) টি।	ঐ	(১) এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ২) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ২০ ও ইংরেজীতে ২০ শব্দ হতে হবে।	সকল জেলা
৩.	অফিস সহায়ক গ্রেড-১৬, বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- পদের সংখ্যা-০১ টি।	ঐ	৮ম শ্রেণী পাশ ও অবশ্যই শারীরিক যোগ্যতা থাকতে হবে।	ঢাকা বিভাগ ব্যতিত অন্যান্য সকল বিভাগ

শর্তাবলী :-

- ১। চাকরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রার্থী কর্তৃক স্বহস্তে পূরণ করে নিজ স্বাক্ষরে আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ পুলিশ ওয়েবসাইটে (www.polic.gov.bd) পাওয়া যাবে।
- ২। আবেদন ফরমে ০১/১২/২০১৭ খ্রিঃ প্রার্থীর বয়স উল্লেখ করতে হবে এবং উক্ত তারিখে সাধারণ প্রার্থী, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা ও এতিম প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর।
- ৩। আবেদনপত্র আগামী ১৭/০১/২০১৮ খ্রিঃ এর মধ্যে পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), এপিবিএন হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, উত্তরা, ঢাকা'র বরাবর অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৪। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙিন ছবি, আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্মিলিত ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত ১০'x৪.৫' ইঞ্চি মাপের একটি ফেরত খাম এবং পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), এপিবিএন হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, উত্তরা, ঢাকা'র বরাবরে কোড নং-১-২২১১-০০০০-২০৩১ এ ক্রমিক ১ ও ২ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক ৩ নং পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে প্রদান করে ট্রেজারী চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে কোন প্রকার শিক্ষাগত যোগ্যতা সনদপত্র সংযুক্ত করা যাবে না। তবে মৌখিক পরীক্ষার সময়ে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও সকল সনদপত্রের সত্যায়িত কপি (১ সেট) সঙ্গে আনতে হবে।
- ৬। আবেদনপত্র প্রেরণের খামের বাম পার্শ্বের উপরের অংশে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।
- ৭। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরীর প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- ৮। অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ লিপিবদ্ধ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৯। আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হবে।
- ১০। লিখিত/মৌখিক পরীক্ষায় যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। এ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৩। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।



(শামীমা আক্তার)
বিপি-৭৩০৩০২৭৮২২
পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)
ও সদস্য সচিব
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি
এপিবিএন হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকা

